



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 4th Semester Examination, 2023

GE2-P2-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) লয় কাকে বলে ? লয়কে কয়টি ভাগে ভাগ করা যায় ও কী কী ? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।
- (খ) ছেদ ও যতির সম্পর্ক ও পার্থক্য লেখো।
- (গ) 'পূর্ণিমা চাঁদ যেন বলসানো রুটি।' — উদাহরণটি কোন্ অলংকার ব্যাখ্যাসহ লেখো।
- (ঘ) ব্যতিরেক অলংকার কাকে বলে ? ব্যতিরেক অলংকার কয় প্রকার ও কী কী ? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।
- (ঙ) Folklore শব্দটির বাংলা প্রতিশব্দ কী ? Folklore শব্দটি কত খ্রিস্টাব্দে, কে প্রথম চয়ন করেন ?
- (চ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' প্রবন্ধ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয় ? এই 'লোকসাহিত্য' প্রবন্ধ গ্রন্থে কয়টি প্রবন্ধ আছে ? প্রবন্ধগুলির নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) শ্লেষ কাকে বলে ? শ্লেষ কয় প্রকার ও কী কী ? উদাহরণসহ বুঝিয়ে দাও।
- (খ) অতিশয়োক্তি অলংকার কাকে বলে ? উদাহরণসহ এর প্রকারভেদগুলি আলোচনা করো।
- (গ) ছন্দলিপি প্রস্তুত করোঃ
- (অ) আর কত দূরে নিয়ে যাবে মোরে হে সুন্দরী
বল কোন্ পার ভিড়িবে তোমার সোনার তরী।
- (আ) রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।
- (ঘ) অলংকার নির্ণয় করোঃ
- (অ) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ
কোন গুণ নাই তার কপালে আগুন।
- (আ) জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই।
- (ঙ) প্রবাদের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।
- (চ) চোর-চুরী ও মেছেনি গান কোন্ অঞ্চলে প্রচলিত ? এই দুই গানের একটি তুলনামূলক আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২ × ২ = ২৪

(ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো।

(খ) অনুপ্রাস কাকে বলে? অনুপ্রাস অলংকার কয় প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারভেদের উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাও:

যমক, বক্রোক্তি, উৎপ্রেক্ষা, রূপক

(ঘ) লোকসাহিত্যের সংজ্ঞা নিরূপণ করো। লোকসাহিত্যের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে সাধারণ আলোচনা করে একটি নিবন্ধ রচনা করো।

—x—